20

দৈনিক ইনকিলাব

তারিখ 24 AUG 1994
পৃষ্ঠা ৫ কলাম ৭

## শিক্ষাঙ্গন

### মান উন্নয়ন এ বছরই চালু হোক

জাতীয় বিশ্ববিদ্যালয়-এর ১৯৯২ সালের ৩৭ নং আইনের ৪৬ নং ধারা মোতাবেক প্রণীত ডিগ্রী (পাস) পরীক্ষা রেগুলেশনস-এর ২১ উপধারায় বলা হয়েছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত যেসব পরীক্ষার্থী স্নাতক পর্যায়ে তৃতীয় বিভাগ পাবে তারা আগ্রহী হলে পরবর্তী বছরই মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উপরোক্ত আইনের প্রতি লক্ষ্য রেখে আমরা অনেক সমস্যা থাকা সত্ত্বেও ১৯৯৩ সালে ডিগ্রী পরীক্ষায় অংশগ্রহণ করি। কিন্তু পরীক্ষার ফলাফল প্রকাশের পর আমরা জানতে পারলাম যে, মান উন্নয়ন পদ্ধতি ১৯৯৫ সাল হতে চালু হবে। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষার পূর্বে এই ঘোষণা প্রদান করলে আমরা অনেকেই '৯৩ সালের পরীক্ষায় সমস্যা নিয়ে অংশগ্রহণ করতাম না। তাছাড়া আইন অনুসারে আমরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ছাত্র হয়েও ১৯৯৪ সালের মান উন্নয়ন পরীক্ষায় আমাদের অংশগ্রহণ করতে দেয়া হচ্ছে না।

অতএব, আমরা যারা কয়েক নম্বরের জন্য দ্বিতীয় বিভাগ পাইনি তাদের ভবিষ্যতের কথা চিন্তা করে ১৯৯৪ সাল হতেই মান উন্নয়ন পীরক্ষার পদ্ধতি চালু করা হোক। এ ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা অনুগ্রহ করে আমাদের এই সমস্যাটি দ্রুত বিবেচনা করুন।

—কামাল, সোহেল
ঢাকা সিটি কলেজ।